গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৯৭-আইন/২০২৫/৮৯/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২৯ মে, ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৪-আইন/২০২৫/ ১৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের TABLE- এর কলাম (1) এ উল্লিখিত Heading—

(১) 28.11 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 2811.22.00 এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত Description "Silicon Dioxide (SiO_3)" এর পরিবর্তে "Silicon Dioxide (SiO_2)" প্রতিস্থাপিত হইবে;

(২) 23.09 এর পরিবর্তে Heading "32.09" প্রতিস্থাপিত হইবে;

(৩) 85.41 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত Heading 85.41 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"85.41	8541.10.00	Diode
	8541.29.00	Transistor
	8541.41.00	Light Emitting Diodes (LED)
	8541.60.00	Crystal oscillator"।

২। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

Downloaded from www.taxvatpoint.com